দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 MAR 1995
পৃষ্ঠা ৫ কলাম ২

67

# ঢাকা ভার্সিটিতে ভর্তির লড়াই ॥ আসন ৩৭৩০ ॥ প্রার্থী ৭০ হাজার

বিশ্ববিদ্যালয় রিপোর্ট ॥ গত বছরের তুলনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথমবর্ষে ভর্তির জন্য আবেদনকারীর সংখ্যা প্রায় ১৮ সহস্রাধিক বেশি হবে। আবেদনের ক্ষেত্রে বিভিন্ন শর্ত আরোপ করা হলেও ৭০ সহস্রাধিক ছাত্রছাত্রী মাত্র ৩ হাজার ৭'শ' ৩০টি আসনের জন্য প্রতিযোগিতা করবে। বুধবার পর্যন্ত চার ইউনিটে প্রায় ৫৯ হাজার ৫'শ' আবেদনপত্র জমা পড়েছে। ১৯ মার্চ ফরম জমা দেয়ার শেষ দিন। ফরমের চাহিদা সম্পর্কে ভর্তি প্রক্রিয়ার সাথে জড়িত শিক্ষকদের ধারণা ইতোমধ্যে পাল্টে গেছে। প্রত্যেক অনুষদ দু'তিন দফা ফরম ছাপতে বাধ্য হচ্ছে। বিভিন্ন অনুষদ সূত্রে এ তথ্য পাওয়া গেছে। জানা যায়, ১৯৯৩ সালে প্রথমবর্ষে ভর্তির জন্য আবেদনকারীর সংখ্যা ছিল ৪৬ হাজার ৯'শ' ৬৪ জন। ১৯৯৪ সালে এ সংখ্যা বেড়ে দাঁড়ায় প্রায় ৫২ হাজার। মাত্র এক বছরের ব্যবধানে চলতি শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা দাঁড়াবে ৭০ সহস্রাধিক। এদিকে গত বছরের তুলনায় আবেদনকারীর সংখ্যা ১৮ হাজার বাড়লেও আসন সংখ্যা একটিও বাড়েনি। ছাত্রলীগ (শা-পা) আসন সংখ্যা বৃদ্ধির দাবিতে বুধবার ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে।

সূত্র জানায়, এসএসসিতে অবজেকটিভ পদ্ধতি নিয়ে পাস করা ছাত্রছাত্রীরা চলতি শিক্ষাবর্ষে প্রথম উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে যাচ্ছে। আবেদনকারী প্রত্যেক ছাত্রছাত্রীর এসএসসির নম্বর প্রায় সাত শ' ছুঁই ছুঁই বা তারও উর্ধে। কিন্তু নম্বর বেশি থাকলেও ছাত্রছাত্রী বা অভিভাবকদের কেউই ভর্তির ব্যাপারে ভরসা পাচ্ছে না।

'ক' ইউনিট বলে পরিচিত বিজ্ঞান অনুষদে ইতোমধ্যে ২৫ হাজার আবেদনপত্র ছাপা হয়েছে বলে আনুষদ সূত্রে জানা যায়। এর মধ্যে প্রায় ২০ হাজার ফরম বিক্রি হয়েছে। এ অনুষদের ভর্তি পরীক্ষা ৭ এপ্রিল অনুষ্ঠিত হবে।

'খ' ইউনিট বলে পরিচিত কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদে তিন দফায় ২০ হাজার ৫'শ' ফরম ছাপা হয়েছে। ইতোমধ্যে বিক্রি হয়েছে প্রায় ১৫ হাজার ৫'শ' আবেদনপত্র। এ অনুষদের আসন সংখ্যা ১ হাজার ৫'শ'। ভর্তি পরীক্ষা হবে ২১ এপ্রিল।

'গ' ইউনিট বলে পরিচিত বাণিজ্য অনুষদে ১৩ হাজার আবেদনপত্র ছাপা হয়েছে। এর মধ্যে বিক্রি হয়েছে প্রায় ১০ হাজার ৫'শ' ফরম। আগামী ১৫ এপ্রিল 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

'ঘ' ইউনিটের জন্য ছাপা হয়েছে ১৮ হাজার ফরম। ইতোমধ্যে এ ইউনিটে প্রায় ১৩ হাজার ৫'শ' ফরম বিক্রি হয়েছে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৬ এপ্রিল।

এদিকে ছাত্রলীগ (শা-পা) বুধবার প্রথমবর্ষে আসন সংখ্যা বৃদ্ধির দাবিতে ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। দুপুরে অপরাজেয় বাংলার সামনে অনুষ্ঠিত এ সমাবেশে বক্তৃতা করেন এনামুল হক শামীম, ইসহাক আলী খান পান্না, মনিরুজ্জামান মনির, কাজী ইবাদত হোসেন ও মোহাম্মদ রফিকুল ইসলাম রফিক।